

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৫৮

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস, হাদীস শাস্ত্রে অপরিপক্ক ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, তাশাহ্র্ডদে রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের উপর সালাত পেশ করা হয়তো ফরয নয়

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ الصَّلَاةَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي التَّشَهُّدِ لَيْسَ بِفَرْضِ

আরবী

1958 ـ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرِو الْبَجَلِيُّ قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بِنُ مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنِي الْحَسَنُ بْنُ الْحُرِّ عَنِ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ قَالَ: أَخَذَ عَلْقَمَةُ بِيَدِي بْنُ مُعَاوِيةَ قَالَ: أَخَذَ عَلْقَمَةُ بِيَدِي فَحَدَّثَنِي أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ مَسْعُودٍ أَخَذَ بِيَدِهِ وَأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخَذَ بِيَدِ عَبْدِ اللَّهِ فَعَلَمه التَّشَهُّدَ فِي الصَّلَاةِ: (التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلُواتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ)

قَالَ زُهَيْرٌ: عَقَلْتُ حِينَ كَتَبْتُهُ مِنَ الْحَسَنِ فَحَدَّثَنِي مِنْ حِفْظِهِ مِنَ الْحَسَنِ بِبَقِيَّتِهِ: (أَشْهَدُ أَنْ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ)

قَالَ زُهَيْرٌ: ثُمَّ رَجَعْتُ إِلَى حِفْظِي: قَالَ: فَإِذَا قلتَ هَذَا فَقَدْ قَضَيْتَ صَلَاتَكَ إِنْ شِئْتَ أَنْ تَقعد فاقعد.

الراوي: عَبْد اللَّهِ بْن مَسْعُودٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1958 | خلاصة حكم المحدث: شاذ بزيادة: ((إذا قلت ...)) , والصواب أنه من قول ابن مسعود ـ ((صحيح أبى داود)) (891)

বাংলা

১৯৫৮. আপুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার হাত ধরে তাকে সালাতের নিম্নোক্ত তাশাহ্ছদ শিক্ষা দেন: التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلُواتُ وَالطَّيْبَاتُ السَّلَامُ



قَالُو النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ জিনিস আল্লাহর জন্য। হে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার প্রতি বর্ষিত হোক আল্লাহর রহমত, বরকত ও সালাত। শান্তি বর্ষিত হোক আমাদের উপর এবং আল্লাহর সৎ বান্দাদের উপর।)

অধঃস্তন রাবী যুহাইর রহিমাহ্লাহ বলেন, "আমার হাদীসটি মনে আছে, আমি হাদীসটি হাসান থেকে লিপিবদ্ধ করেছিলাম।" যুহাইরের ছাত্র বলেন, "তারপর যুহাইর রহিমাহ্লাহ হাসান থেকে হাদীসটির বাকী অংশ আমার কাছে মুখস্ত বর্ণনা করেন। বাকী অংশ হলো: أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنْ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ (আমি সাক্ষয দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, আমি আরো সাক্ষয দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা ও তাঁর রাসূল)।"

যুহাইর রহিমাহুল্লাহ বলেন, "তারপর আমি আমার সংরক্ষিত পান্ডুলিপির কাছে ফিরে যাই, সেখানে বলা হয়েছে, "যখন তুমি এটা বলবে, তখন তুমি তোমার সালাত সম্পন্ন করে ফেললে। কাজেই তুমি চাইলে উঠে যেতে পারো আবার চাইলে বসেও থাকতে পারো।" [1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪২২; আবূ দাউদ: ৯৭০; দারেমী: ১/৩০৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৭৫; দারাকুতনী: ১/৩৫৩; তাবারানী আল কাবীর: ৯৯২৫; আত তায়ালিসী: ২৭৫।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির "যখন তুমি এটা বলবে…" এই অংশটুকুসহ শায বা দুর্বল বলেছেন। এটি আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহুর কথা হিসেবে সহীহ।" (সহীহ আবূ দাউদ: ৮৯১)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন